দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ 19 DEC 1988
পৃষ্ঠা 1 কলাম 1

046

# এসএসসিতে দ্বীনিয়াত আবশ্যিক বিষয় হিসেবে অন্তর্ভুক্ত

সরকার ১৯৯১ সাল থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার জন্যে ইসলামী শিক্ষা বা দ্বীনিয়াতকে একটি আবশ্যিক বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে। এক সরকারী ঘোষণার উদ্ধৃতি দিয়ে বাসস গতকাল এ খবর জানায়। শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## দ্বীনিয়াত

প্রথম পৃষ্ঠার পর

জাতীয় শিক্ষা ও কারিকুলাম বোর্ডের এক সংবাদ, বিজ্ঞপ্তিতে বলা হয়েছে ১৯৮৯ সাল থেকে যেসব শিক্ষার্থী নবম শ্রেণীতে উত্তীর্ণ হবে তাদের ক্ষেত্রে এই সিদ্ধান্ত প্রযোজ্য হবে।

পাঠ্যক্রম পুনর্বিন্যাসের কারণে পরীক্ষার মোট ১০০০ নম্বর বন্টন হবে এভাবেঃ ৫টি আবশ্যিক বিষয়ের জন্যে ৭শ' নম্বর এবং ঐচ্ছিক বিষয়ের জন্যে ৩শ' নম্বর।